**জনাব মুহাম্মদ ওয়াহিদুজ্জামান** *এনডিসি*, অতিরিক্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এর উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, যশোর এর ভালনারেবল উইমেন বেনেফিট (ভিডব্লিউবি) কর্মসূচি

**পরিদর্শন প্রতিবেদন**

স্মারক নম্বর: ৩২.০০.০০০০.০১৬.৯৯.০০১.১৬.৯২/খ তারিখ: ১৭ সেপ্টেম্বর, ২০২৩ খ্রি.

| | | | |
|---|---|---|---|
| ০১. | অফিসের নাম | : | উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, যশোর। |
| ০২. | অবস্থান | : | যশোর শহরের কোতয়ালী মডেল থানাধীন কারবালা রোড মহল্লায় হযরত বোরহানশাহ সড়কের ৫৭/এ, আনোয়ার ম্যানশন ভবনের ১ম ও ২য় তলায় ভাড়া বাড়িতে অবস্থিত। |
| ০৩. | পরিদর্শনের তারিখ | : | ৩১.০৮.২০২৩ খ্রি. |

**০৫. কার্যক্রম:**

**ভালনারেবল উইমেন বেনেফিট (ভিডব্লিউবি) কর্মসূচি:**

| জেলা নাম | উপজেলার সংখ্যা | ইউনিয়নের সংখ্যা | উপকারভোগীর সংখ্যা | মোট উপকারভোগীর সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ |
| যশোর | ০৭টি | ৮২ টি | ১৫,৯৪৯ জন (সাধারণ চাল) | ১৮,৭৭৫ জন | |
| | ০১ টি চৌগাছা উপজেলা | ১১ টি | ২,৮২৬ জন (পুষ্টি চাল) | | |

**এ কার্যক্রমে-**

- গত অর্থ বছরে জেলাধীন ০৮টি উপজেলায় ১৮,৭৭৫ জন উপকারভোগীর মাঝে প্রতিমাসে ৩০ কেজি সাধারণ চাল বিতরণ করা হয়;
- উন্নয়ন প্যাকেজ সেবার আওতায় ০৯ টি মডিউলে জীবনদক্ষতা মূলক ও আয়বর্ধন মূলক প্রশিক্ষণ কাজে এনজিও (বেসরকারি সংস্থা) নিয়োগ না হওয়ায় প্রশিক্ষণ কার্যক্রম শুরু হয়নি;
- ২০২৩-২০২৪ চক্রের ৭১৫৬ জন উপকারভোগী প্রতি মাসে ২০০/-টাকা করে নিজস্ব ব্যাংক হিসাব নম্বরে ব্যাংক এশিয়া এজেন্ট ব্যাংকিং, অগ্রণী ব্যাংক লিমিটেড এজেন্ট ব্যাংকিং, ইসলামী ব্যাংক লিমিটেড এজেন্ট ব্যাংকিং, ফাস্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লিমিটেড, বেসিক ব্যাংক লিমিটেড, রূপালী ব্যাংক লিমিটেড ও সোনালী ব্যাংক লিমিটেড এর প্রতিনিধিগণ খাদ্য শস্য বিতরণের দিন স্ব-স্ব ইউনিয়ন পরিষদে উপস্থিত থেকে জমা স্লিপের মাধ্যমে সঞ্চয় জমা করে থাকেন।
- এই চক্রের এই অর্থ বছরে বরাদ্দ পত্র পাওয়া যায়নি বিধায় চাল বিতরণ করা হয়নি মর্মে উপপরিচালক জানান।

**সুপারিশসমূহ:**

ক) ভিডব্লিউবি কার্যক্রমের প্রত্যেক এনজিও প্রশিক্ষণ শুরুর পূর্বে প্রতি ০৩ মাসের ট্রেনিং সিডিউল তৈরী করে প্রশিক্ষকের নাম, মোবাইল নম্বর, পাঠদানের বিষয়, ট্রেনিং-শুরুর তারিখ ও সময় উল্লেখ করে প্রশিক্ষণ সিডিউল তৈরি করবেন এবং উপ পরিচালক তা অনুমোদন করবেন। এনজিও প্রতিষ্ঠানের বিল সুপারিশ করার পূর্বে অনুমোদিত প্রশিক্ষণ সিডিউল আছে কি না এবং সে মোতাবেক প্রশিক্ষণ দেয় হয়েছে তা উপ পরিচালক নিশ্চিত করবেন।

খ) প্রতি ইউনিয়নে উপকারভোগীদের ৩০ কেজি করে চাউল ঠিকভাবে প্রদান করা হচ্ছে কিনা তা দেখার জন্য উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, যশোর প্রতিমাসে কমপক্ষে ০১টি ইউনিয়ন পরিষদ পরিদর্শনের জন্য বলা হলো। টেন্ডার জনিত জটিলতার কারণে যশোর সদর উপজেলায় পুষ্টি চাল বিতরণ আপাতত বন্ধ রয়েছে মর্মে উপপরিচালক জানান, এ বিষয়ে মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা এর দৃষ্টি আকর্ষণ করা হলো।

১৭/৯/২৩

**মুহাম্মদ ওয়াহিদুজ্জামান** *এনডিসি*
অতিরিক্ত সচিব (প্রশাসন)
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়